

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ১৪ আগস্ট ১৪৩২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৮০১৫

বিষয়: মহেশ্বরপাশা স্টিল সাইলোর জেটিতে স্থাপিত NEUERO আনলোডার লোড/সাকশান সম্পন্ন করার জন্য মোট ৬০০

মে.টন ঢালা গমের চলাচল সূচি (সূচি নং-১২৬)।

- সূত্র: ১। মহাপরিচালক মহোদয়ের সভাপত্তিতে ২৪-০৯-২০২৫ খ্রি. সভার কার্যবিবরণী
২। সাইলো অধীক্ষকের কার্যালয়, মহেশ্বরপাশা স্টিল সাইলো, খুলনা ২৪-০৯-২০২৫ খ্রি.
১৩.০১.০০০০.০০২.১০২.১৯.০০০৮.২৫.১০ নং স্মারক
৩। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প এর ২৪-০৯-২০২৫ খ্রি.
MFSP-১৩.০১.০০০০.৩৬২.১৪.৩২৮.২০২০-১১৪ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৪-০৯-২০২৫ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপত্তিতে আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্পের অধীনে W25 প্যাকেজের আওতায় খুলনার মহেশ্বরপাশায় নবনির্মিত গমের সাইলোর (৭৬,২০০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন) প্লানটি অটোমেশন সংক্রান্ত বিভিন্ন সেক্ষেত্রের কার্যকারিতা পরীক্ষা, ব্যাগিং মেশিন প্যাকেজিং পরীক্ষা, কনভয়ের বেল্ট ও চেইনের কার্যকারিতা পরীক্ষার জন্য গম সরবরাহের বিষয়ে সুত্রস্থ ১ নং স্মারকে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মহেশ্বরপাশা স্টিল সাইলো, খুলনা এর কমিশনিং এর জন্য বিভিন্ন সেক্ষেত্রের এবং যন্ত্রপাতির কার্যকারিতা পরীক্ষা ও পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য খাদ্য মন্ত্রণালয় হতে অনুমোদিত ৩০০ মে.টন এর পরিবর্তে ১০০ মে.টন গম দিয়ে পরীক্ষা সম্পন্ন করতে সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক ১০০ মে.টন গম খুলনা সিএসডি হতে মহেশ্বরপাশা স্টিল সাইলোতে গ্রহণ করা হয়েছে মর্মে সুত্রস্থ ২ নং স্মারকে জানা যায়। পত্রে আরও উল্লেখ করা হয়েছে, মোংলা সাইলো হতে মহেশ্বরপাশা স্টিল সাইলোতে ৬০০ টন গম সরবরাহ করা যেতে পারে এবং নৌপথে গম প্রাহণের জন্য বাকেট এলিভেটর ও হপার ক্লেল ইতিমধ্যেই কমিশনিং করা হয়েছে। এছাড়া সুত্রস্থ ৩ নং স্মারকে প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প নবনির্মিত সাইলোটির জেটিতে স্থাপিত আনলোডার ও সংশ্লিষ্ট যন্ত্রপাতির কার্যকারিতা পরীক্ষার লক্ষ্যে নৌপথে ৬০০ মে.টন ঝুরা গম (Bulk Wheat) সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা প্রাহণের জন্য অনুরোধ জানিয়েছেন। এমতাবস্থায়, সার্বিক পর্যালোচনা করে নিম্নোক্তভাবে সূচি জারি করা হলো :

নৌ পথে গমের চলাচলসূচি:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	বাগেরহাট	মোংলা সাইলো	খুলনা	মহেশ্বরপাশা স্টিল সাইলো	৬০০	ঢালা গম	নৌ পথ	চসনি, খুলনা উপসূচি জারি করবেন
					মোট =	৬০০		

(ক) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরের সভাপত্তিতে অনুষ্ঠিত গত ২৪-০৯-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত গমের সূচি প্রদান করা হলো (কপি সংযুক্ত)।

(খ) উক্ত সভার কার্যবিবরণী সিদ্ধান্তের অনুচ্ছেদ (গ) অনুযায়ী গম পরিবহণ এবং আনলোডারের লোড/সাকশান টেস্ট সম্পন্ন করতে হবে।

(গ) উক্ত গম এর গুগগত মান অক্ষুণ্ণ রেখে সাইলোতে মজুত নিশ্চিত করতে হবে।

(ঘ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা উক্ত সূচি বাস্তবায়নে মনিটরিং সংক্রান্ত কার্যক্রম তদারকি করবেন।

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, মোংলা সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করাবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দণ্ডে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। ওজনের তারতম্য পরিহারের জন্য প্রেরণ কেন্দ্র কর্তৃক একটি কমিটি গঠন করে প্রেরণ কার্যক্রম তদারকী করবেন এবং ঠিকাদারের জাহাজে গম বোৰাইয়ের পর এয়ার টাইট সীল করে জাহাজ মহেশ্বরপাশা স্টিল সাইলোতে প্রেরণ করবেন। ক্ষেল সংক্রান্ত জটিলতাসহ কোথাও অনিয়ম বা সমস্যার উভ্রে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সাইলো সুপারগণ) তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক দাগ্নিরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।


৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাগ্নিরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ০৫-১০-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৯-০৯-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভুঁঞ্চা
উপপরিচালক

বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):


- আধিকারিক খাদ্য নিয়ন্ত্রক, আধিকারিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আধিকারিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।
- সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা, খুলনা।
- চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয় (খাদ্য), খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০২.২৫.৮০১৫/১ (৫)

১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, মহেশ্বরপাশা স্টেল সাইলো, খুলনা।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক।
- মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৯-০৯-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভুঁঞ্চা
উপপরিচালক